

নুয়ারী/২০২৩ইং মাসে অনুষ্ঠিত যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন সংক্রান্ত স্থায়ী কমিটির সভার
রেজুলেশন।

সভাপতিঃ জনাব, পলাশ কুমার মল্লিক,
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ,
কেশবপুর, যশোর।

সভার তারিখঃ-০৫/০১/২০২৩ইং

সময় সকালঃ-১১.৩০ঘটিকা


স্থানঃ- উপজেলা পরিষদ সভাকক্ষ।

উপস্থিত সদস্যবৃন্দের তালিকাঃ পরিশিষ্ট-খ”

আলোচ্য বিষয়সূচী (১)ঃ ২০২২-২০২৩ইং অর্থবৎসরে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল(ক) বার্ষিক উন্নয়ন কর্মসূচী(এডিপি) ও (খ) স্থানীয় রাজস্ব উদ্বৃত্ত(এডিপি) খাতের আওতায় পিআইসি ও টেন্ডার এর মাধ্যমে বাস্তবায়ন।

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যদেরকে সালাম ও স্বাগত জানান। অতঃপর আলোচ্য সূচী অনুযায়ী সভার কর্মক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২২-২০২৩ইং অর্থবৎসরে এডিপি'র ১ম কিস্তির প্রাপ্ত অর্থ ধরে ০৪(চার) কিস্তিতে(১৫,৬২,০০০x৪)=৬২,৪৮,০০০/- টাকা এবং স্থানীয় রাজস্ব উদ্বৃত্ত(এডিপি)=৯৭,১৯,৫৪৬.৪৫ সর্বমোট=(৬২,৪৮,০০০+৯৭,১৯,৫৪৬)=১,৫৯,৬৭,৫৪৬/-এবং ১০% অতিরিক্ত ৬,২৪,৮০০.০০ টাকা ধরে সর্বমোট=১,৬৫,৯২,৩৪৬.৪৫ টাকার বরাদ্দ ধরে প্রকল্প গ্রহণ করার প্রস্তাব করা হয়। তিনি সভায় আরও অবহিত করেন যে, বিভিন্ন দপ্তর, উপজেলা চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান ও সকল ইউপি চেয়ারম্যানগণদের প্রকল্প গুলি পিআইসি ও টেন্ডারের মাধ্যমে প্রকল্পগুলি দ্রুত বাস্তবায়নের জন্য প্রস্তাব পাওয়া গিয়াছে। প্রস্তাবিত প্রকল্প সমূহ তিনি সভায় উপস্থাপন করেন। অত্রসভায় দাখিলকৃত প্রকল্প সমূহ যাচাই-বাছাই ও পরীক্ষা নিরীক্ষার পর বিস্তারিত আলোচনাতে নিম্নলিখিত প্রকল্পসমূহ (পরিশিষ্ট ক”) বাস্তবায়নের স্বার্থে গৃহীত ও অনুমোদিত হয় এবং উক্ত প্রকল্পসমূহ আগামী উপজেলা পরিষদ সভায় বাস্তবায়নের নিমিত্তে চূড়ান্ত অনুমোদনের জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী'কে অনুরোধ করা হয়।

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সম্মানিত সকল সদস্যদেরকে ধন্যবাদ জানাইয়া সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।



জনাব, পলাশ কুমার মল্লিক,
ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ,
কেশবপুর, যশোর।

ও

সভাপতি
যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন
সংক্রান্ত স্থায়ী কমিটি।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কেশবপুর, যশোর।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, কেশবপুর, যশোর।
- ৩। ভাইস চেয়ারম্যান পুরুষ/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কেশবপুর, যশোর।
- ৪-১৩। চেয়ারম্যান, ত্রিমোহিনী/সাগরদাঁড়ী/মজিদপুর/বিদ্যানন্দকাটি/মঙ্গলকাটি/কেশবপুর/পাঁজিয়া/সুফলাকাটি/গৌরিঘোনা/সাতবাড়ীয়া হাসানপুর(ইউপি)সকল, কেশবপুর, যশোর।



(মোঃ সাইফুল ইসলাম মোল্লা)

সদস্য সচিব

উপজেলা প্রকল্প বাছাই কমিটি ও
উপজেলা প্রকৌশলী
কেশবপুর, যশোর।